

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৩১.০১.০০৪.২০১১-৬২

তারিখঃ- ১৬/০৭/২০১২ খ্রিস্টাব্দ

প্রেরকঃ দ্বিতীয় সচিব (কর আইন-১)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ

জনাব খান মোঃ আবদুল মান্নান  
(জেলা ও দায়রা জজ)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।

বিষয়ঃ 'আয়কর অধ্যাদেশ, ১৯৮৪' এ সংযোজিত উৎস কর (53FF) ধারার স্পষ্টীকরণ প্রসঙ্গে।

সূত্রঃ মহা-পরিদর্শক, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ১২২৪৩, তারিখঃ ০৯/০৭/২০১২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আদিষ্ট হয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

(২) সূত্রোক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের করনীতির শাখা পরীক্ষা করেছে। এ বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(এইচ)(১) ধারার সংশোধিত বিধান মোতাবেক কোন এলাকা একইসাথে রাজউক, সিডিএ এবং অন্য কোন জেলার অংশ হলেও উৎসে কর কর্তনের জন্য রাজউক/সিডিএ এর অধিক্ষেত্রই প্রাধান্য পাবে; অর্থাৎ রাজউক/সিডিএ এর জন্য প্রযোজ্য হারেই উৎসে কর কর্তন করতে হবে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলার যেসব এলাকা রাজউক এর আওতাধীন সেসব এলাকার কৃষি ও অকৃষি জমি নির্বিশেষে সম্পত্তি রেজিস্ট্রেশনকালে দলিল মূল্যের উপর ৩% হারে উৎসে কর কর্তন করতে হবে। অনুরূপভাবে সিডিএ এর অধিক্ষেত্রাধীন এলাকার ক্ষেত্রেও ৩% হারে উৎসে কর প্রযোজ্য হবে।

স্বাক্ষর অস্পষ্ট  
১৬/৭/১২  
(মোঃ শফিউল আজম)  
দ্বিতীয় সচিব (কর আইন-১)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।